# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর
(স্থানীয় সরকার শাখা)
www.chandpur.gov.bd

স্মারক নং ৪৬.৪২.১৩০০.০৩০.০৪.০০৮.২১-৫৫৬

তারিখ : ২৩ ভাদ্র ১৪২৮ / ০৭ সেপ্টেম্বর ২০২১

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ইউপি-২ শাখা, ঢাকা-এর ২৪/০৬/২০২১ খ্রি. তারিখের ৪৬.০১৮.০৩২.০০.০০.০৫৬.২০১৬-৩৩৪নং স্মারক এবং ০৮/০৮/২০২১ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০১৮.১১.০০১.২১.২৩নং স্মারকের ছাড়পত্র মোতাবেক চাঁদপুর জেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদে নিম্নবর্ণিত পদে অস্থায়ী ভিত্তিতে লোক নিয়োগের নিমিত্ত চাঁদপুর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | বেতন স্কেল | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | ইউপি সচিব | স্কেল-১০২০০-২৪৬৮০/- (জাতীয় বেতন স্কেল/১৫) | ০৭ (সাত)টি | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি |
| ০১ | হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর | স্কেল-৯৩০০-২২৪৯০/- (জাতীয় বেতন স্কেল/১৫) | ৬৪ (চৌষট্টি)টি | ক) কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং<br>গ) কম্পিউটার টাইপিং-এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ২০ (বিশ) শব্দ এবং ইংরেজি ২০ (বিশ) শব্দ। |

## শর্তাবলি :

১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও চাঁদপুর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। বিবাহিত মহিলার ক্ষেত্রে আবেদনপত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

২. ইউপি সচিব ও হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটরদের বেতনের ৭৫% সরকারি অনুদান থেকে ও ২৫% ইউনিয়ন পরিষদের নিজস্ব আয় থেকে নির্বাহ করা হবে।

৩. জেলা প্রশাসক, চাঁদপুর বরাবর লিখিত আবেদনপত্র আগামী ০৩/১০/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি/কুরিয়ারের মাধ্যমে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৪. জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯ ডিসেম্বর, ২০১৪ তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১ সংখ্যক স্মারকে জারিকৃত চাকরির নির্ধারিত আবেদন ফরমে আগ্রহী প্রার্থীগণকে জেলা প্রশাসক, চাঁদপুর বরাবর আবেদন করতে হবে। আবেদনপত্রের নমুনা www.chandpur.gov.bd ওয়েবসাইট হতেও ডাউনলোড করা যাবে।

৫. জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ১৯-০৮-২০২১ খ্রি. তারিখের নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৩নং স্মারকে জারিকৃত পরিপত্রের নির্দেশনানুযায়ী কোভিড-১৯ পরিস্থিতির কারণে প্রার্থীর বয়স ২৫/০৩/২০২০ খ্রি. তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র/কন্যার ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৬. হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর পদে নিয়োগের ক্ষেত্রে রিট পিটিশন নং ১১৪৭৬/২০১৭ হতে উদ্ভূত লীভ টু আপীল মামলা নং-৪৫২/২০১৮ এর গত ৫/২/২০১৮ খ্রি. তারিখের বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগ কর্তৃক প্রদত্ত আদেশ প্রতিপালন করা হবে।

৭. আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত দলিলাদি সংযুক্ত করতে হবে :
ক) সংযুক্ত পূরণকৃত আবেদন ফরমের সাথে সম্প্রতি তোলা রঙিন ০৩ (তিন) কপি (৫x৫ সে.মি.) সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।
খ) প্রার্থীকে আবেদনপত্রের সাথে সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে "জেলা প্রশাসক, চাঁদপুর" শিরোনামে চলতি হিসাব নং ২০০০০০১৫২, সোনালী ব্যাংক, চাঁদপুর শাখা, চাঁদপুর এ সরাসরি/অনলাইনে ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) জমা দিয়ে জমার স্লিপের মূল কপি আবেদনের সাথে দাখিল করতে হবে।
গ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতা কিংবা দাদা/দাদী, নানা/নানী মুক্তিযোদ্ধা হিসাবে প্রমাণের জন্য নির্ধারিত ফরমের ১৯নং ক্রমিকে টিক চিহ্ন প্রদানসহ নিম্নবর্ণিত ছক পূরণ এবং ছকে বর্ণিত কাগজপত্রের সত্যায়িত ছায়ালিপি সংযুক্ত করে আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। এছাড়া সর্বশেষ সরকারি সার্কুলার অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

| প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা | মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা | প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক ও উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত ওয়ারিশ সনদ | মুক্তিযোদ্ধার প্রমাণকের বিবরণী | মুক্তিযোদ্ধার জন্ম তারিখ |
|---|---|---|---|---|
| | | (নাতী/নাতনীর ক্ষেত্রে ছেলে/মেয়ে পক্ষ উল্লেখসহ) | ১। লাল মুক্তিবার্তা নম্বর<br>২। ভারতীয় তালিকা ও খণ্ড নম্বর<br>৩। গেজেট নম্বর ও তারিখ<br>৪। সাময়িক সনদের নম্বর ও তারিখ<br>৫। বামুস সনদের নম্বর ও তারিখ (ক্রমিক নং ১ ও ২ এ বর্ণিত তালিকায় নাম না থাকলে ৩নং ক্রমিকে বর্ণিত গেজেটসহ ৪ ও ৫নং ক্রমিকে বর্ণিত উভয় অথবা যে কোন একটি প্রমাণক দাখিল করতে হবে) | ১। জন্ম নিবন্ধন অনুযায়ী জন্ম তারিখ<br>২। জাতীয় পরিচয়পত্র অনুযায়ী জন্ম তারিখ<br>৩। এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখ<br>(যে কোন একটি) |

ঘ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনকারীর নাম ঠিকানা সম্বলিত ১০.৫×৪.৫ সাইজের (১০/- টাকা মূল্যের অব্যবহৃত ডাক টিকেটসহ) একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।
ঙ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।

৮. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার সময় নিম্নলিখিত সনদ/কাগজপত্রাদি দাখিল/প্রদর্শন করতে হবে :
ক) আবেদনকারী ডিজিটাল সেন্টারের উদ্যোক্তা হলে ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়ন ও উদ্যোক্তা পদে নিয়োজিত চুক্তিনামার সত্যায়িত কপি প্রদর্শন করতে হবে।
খ) সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত আবেদন ফরমসহ সংযুক্ত কাগজপত্রাদির সত্যায়িত ০১ (এক) সেট ফটোকপি দাখিল করিতে হবে। এ জেলার স্থায়ী বাসিন্দা প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং আবেদনকারী মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা সেই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টিও উল্লেখ করতে হবে।
গ) চাকরিরত প্রার্থীকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূলকপি দাখিল করতে হবে।

৯. কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে। বিশেষ কোটা দাবির ক্ষেত্রে দাবির সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

১০. খামের উপরে স্পষ্ট অক্ষরে আবেদনকারীর নাম, ঠিকানা, পদের নাম, কোটার নাম অবশ্যই লিখতে হবে।

১১. স্বাক্ষরবিহীন, অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবি ও সিলমোহর থাকতে হবে।

১২. আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

১৩ নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪. নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৫. আবেদনকারী কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬. কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ কার্যক্রম স্থগিত, পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করাসহ নিয়োগ সংক্রান্ত শর্তাবলির যে কোন শর্ত পরিবর্তন, সংশোধন বা নিয়োগ বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১৭. হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর পদে যারা ইতোপূর্বে আবেদন করেছেন। তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

১৮. প্রাথমিক নিয়োগ অস্থায়ী ভিত্তিতে শিক্ষানবিস হিসেবে করা হবে। শিক্ষানবিসকাল সন্তোষজনক হলে চাকুরী বিধি অনুযায়ী চাকুরী স্থায়ী করা হবে।

১৯. সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জনের স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকুরীতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত।

২০. একজন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবে না।

(অঞ্জনা খান মজলিশ)
জেলা প্রশাসক
চাঁদপুর ফোন : ০৮৪১-৬৩১১১
ফ্যাক্স : ০৮৪১-৬৩৩৩৩
ই-মেইল : dcchandpur@mopa.gov.bd

ডিজি-১৭৫০/২১ (১২´ × ৩)